গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমের বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১৭ জানুয়ারি ২০২৩ |
| সময় | : বেলা- ১১:০০ টা |
| সভার স্থান | : সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প ও ৩টি উন্নয়ন সহায়তা এর আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং, এম.পি প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত ছিলেন।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মাননীয় মন্ত্রীর স্বাগত বক্তব্যের পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন। অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার কার্যপত্র উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) কে আহ্বান জানান। সে পরিপ্রেক্ষিতে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে বিস্তারিত আলোচনা হয়:

৩। **আলোচ্যসূচি (ক):** গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

সভায় ২০ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

২০ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| স্কিমের তালিকা দাখিল, অনুমোদন ও নতুন প্রকল্প/স্কিম গ্রহণ সংক্রান্ত:<br>সংস্থা হতে প্রাপ্ত নতুন স্কিমের ডিএসপি বিধি অনুযায়ী অনুমোদন করতে হবে। যে সকল স্কিমের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের নিমিত্ত ডিএসপি প্রেরণ করা হয়েছে সেখানে কতটুকু কাজ সমাপ্ত হয়েছে এবং কতটুকু কাজ করতে হবে তা সচিত্র বিবরণসহ উল্লেখ করতে হবে। যে সকল ডিএসপি-তে এ সকল তথ্য উল্লেখ নেই সে সকল ডিএসপি পুণর্গঠন করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হতে ৮টি পূনর্গঠিত ডিএসপি পাওয়া গিয়েছে। তবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ডিএসপি মন্ত্রণালয়ে প্রেরণ না করায় গত ১২/০১/২০২৩ তারিখ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রস্তাব প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০টি পুণর্গঠিত ডিএসপি এর মধ্যে ১৯টি পুণর্গঠিত ডিএসপি গত ১২/০১/২০২৩ তারিখ মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে। ডিএসপিগুলো যথাসম্ভব দ্রুত যাচাই করে উপস্থাপন করা হবে। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ৯টি পূনর্গঠিত ডিএসপি এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। মাননীয় মন্ত্রী অভিমত প্রকাশ করেন যে, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং যথাসময়ে কোন প্রস্তাব প্রেরণ না করা হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত:<br>নতুন কোডের রাস্তা নেওয়ার ব্যাপারে সর্তকতা অবলম্বন করতে হবে যেন একটি কাজের সাথে অন্য কাজের প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়। রাস্তার কোড নম্বর প্রদানের ক্ষেত্রে সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। নতুন রাস্তার ক্ষেত্রে রক্ষণাবেক্ষণের জন্য ডিএসপিতে বরাদ্দ রাখতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি সভাকে জানান যে, এ বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অভিমত প্রকাশ করেন। মাননীয় মন্ত্রী নির্মিত রাস্তাসমূহ রক্ষণাবেক্ষণের অর্থ বরাদ্দ রাখার নির্দেশনা প্রদান করেন। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় জানান যে, যেহেতু বিষয়টি সমাধান হয়েছে। তাই বিষয়টি আগামী সভার আলোচনা থেকে বাদ দেয়া যেতে পারে। সভায় উক্ত বিষয়ে উপস্থিত সকলেই ঐকমত্য প্রকাশ করেন। |
| তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ছোট আকারের ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে পাইলট ভিত্তিতে একটি প্রকল্প/স্কিম গ্রহণের লক্ষ্যে সম্ভব্যতা যাচাইপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভাকে জানান যে, চলমান কোল্ড স্টোরেজ ভিজিট করে জমির প্রাপ্যতা বিবেচনার্থে শীঘ্রই প্রস্তাব প্রণয়ন করা হবে। এক্ষেত্রে তিন পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানগণ জমির ব্যবস্থা করে দিলে সুবিধা হয় মর্মে তিনি অভিমত প্রকাশ করেন। মাননীয় মন্ত্রী বলেন যে, বেসরকারী সেক্টরকে অনুপ্রাণিত করার জন্য তিন পার্বত্য জেলায় সরকারিভাবে কোল্ড স্টোরেজ নির্মাণ করা জরুরি। তিনি আরো বলেন যে, এমন স্থানে কোল্ড ষ্টোরেজ স্থাপন করতে হবে যেখানে জনবহুল বাজার রয়েছে এবং বিদ্যুতের সহজলভ্যতা রয়েছে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান বলেন যে, ফিজিবিলিটি স্টাডি সম্পাদন করে স্থান নির্বাচন করা হবে। |
| 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান' প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :<br>ক) গত ০৭/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভাকে জানান যে,<br>ক) গত ০৭/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সুপারিশ অনুযায়ী অত্র প্রকল্পের পাড়াকেন্দ্র, আবাসিক বিদ্যালয় এর কার্যক্রম চলমান রাখার নিমিত্ত ২০২৩-২০২৮ মেয়াদে এই প্রকল্পের ২য় পর্যায়ের খসড়া ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত ডিপিপি'র উপর ৪ ডিসেম্বর ২০২২ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। |
| খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ৪৮০০টি পাড়াকেন্দ্রের মধ্যে কতগুলো পাড়াকেন্দ্র রাখা প্রয়োজন তা নিরূপনের জন্য সকল স্টেকহোল্ডারদের নিয়ে একটি কমিটি গঠন করবে। কমিটি আগামী ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | খ) পার্বত্য অঞ্চলে যে সকল এলাকায় সরকারি সুযোগ সুবিধার সহজ প্রাপ্যতা রয়েছে সে সকল এলাকা হতে পাড়াকেন্দ্রগুলো দুর্গম দূরবর্তী ও সেবা বঞ্চিত এলাকায় স্থানান্তর/পুন:বিন্যাসের বিষয়ে ডিপিপি'তে উল্লেখ করা হয়েছে। ম্যাপিং এক্সারসাইজের মাধ্যমে যাচাই বাছাই করে ইউনিয়ন, উপজেলা ও জেলা সমন্বয় সভার অনুমোদনক্রমে এসব পাড়াকেন্দ্র সমূহের স্থান নির্ধারণ করা হবে। |
| গ) UNICEF এর নিকট হতে অর্থায়নের বিষয়ে লিখিত সম্মতি গ্রহণ করতে হবে। | গ) এই বিষয়ে UNICEF এর সাথে যোগাযোগ করা হয়েছে। আগামী ২৪ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে সম্মতিপত্র পাওয়া যাবে মর্মে তিনি জানান। |
| ঘ) 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)'শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি আগামী জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ঘ) গত ০৪ ডিসেম্বর ২০২২ তারিখে প্রকল্প যাচাই কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে ডিপিপি সংস্থান করা হয়েছে। এই বিষয়ে UNICEF এর সাথে চূড়ান্ত আলোচনা করে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২৬ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| এডিপিভুক্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত :<br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২টি, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এর ১টি এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, ৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২টি প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে। প্রতিবেদন ২টি আইএমইডিতে প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে। পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এর ১টি পিসিআর গত ১৫/০১/২০২৩ তারিখ মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের পিসিআর এখনো পাওয়া যায়নি। সভাপতি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের পিসিআর আগামী ৩০ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। |
| ভিডিও ডকুমেন্টারি তৈরি:<br>আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে সকল সংস্থা তাদের প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে দাখিল করবে। সকল সংস্থার নিকট হতে ভিডিও ডকুমেন্টারি প্রাপ্তির পর তা দেখার জন্য একটি সভা আহ্বান করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। এ বিষয়ে সংস্থার প্রতিনিধিগণ জানান যে, দ্রুততম সময়ের মধ্যে ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মাননীয় মন্ত্রী বলেন যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অর্থায়নে যে সকল উন্নয়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে তার জন্য একটি ভিডিও ডকুমেন্টারি এবং অন্যান্য বিভাগ ও সংস্থা কর্তৃক জেলা পরিষদের মাধ্যমে যে সকল উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়েছে তার জন্য একটি ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে। সভাপতি আগামী ৩০ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। |
| পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :<br>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল গাছ রোপন করা হয়েছিল সেগুলি বর্তমানে কী অবস্থায় আছে তার একটি প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভাকে জানান যে, গত ১৫ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ ০৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের চারা বর্তমানে কী অবস্থায় রয়েছে সে বিষয়ে প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে কয়েকটি বাগান পরিদর্শন করা হয়েছে। বাকি বাগানগুলো পরিদর্শনের কার্যক্রম চলমান। মাননীয় মন্ত্রী অভিমত প্রকাশ করেন যে, তিন জেলার জন্য আলাদা কমিটি গঠন করে প্রতিবেদন দিতে হবে। সভাপতি আগামী ৩০ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। |
| বিবিধ :<br>ক) ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের কাজ বাজার ফান্ডের জায়গায় করা হলে জেলা প্রশাসন, রাঙ্গামাটি এর কোন আপত্তি নেই মর্মে প্রত্যয়ন সংগ্রহ করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ক) সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের কাজ বাজার ফান্ডের জায়গায় করা হলে জেলা প্রশাসন, রাঙ্গামাটি এর কোন আপত্তি নেই মর্মে কোন প্রতিবেদন এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। সভাপতি জানান যে, এ বিষয়ে একটি প্রতিবেদন পাওয়া গিয়েছে এবং পরবর্তী সভায় এ বিষয়টি বাদ দিতে হবে। |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| খ) প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব বরাবরে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের স্বাক্ষরে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | খ) সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনাক্রমে জানা যায় যে, প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্পৃক্ততা না থাকায় গত ১১ জানুয়ারি ২০২৩ তারিখ অর্থ বিভাগে উক্ত প্রকল্পের সমুদয় অর্থ ব্যবহারের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে সমাপ্তযোগ্য ৫টি প্রকল্প নির্ধারিত থাকলেও ১টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন হবে। এছাড়া, অপর ৪টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্প 'বি' ক্যাটাগরিভুক্ত থাকায় উক্ত ২টি প্রকল্পের ক্যাটাগরি 'বি' হতে 'এ' করার জন্য ইতোপূর্বে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। তবে অর্থ বিভাগ হতে কোন জবাব পাওয়া যায়নি। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, এ বিষয়ে অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগের প্রধানের সঙ্গে আলোচনা হয়েছে। আগামী এক মাসের মধ্যে সিদ্ধান্ত পাওয়া যাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। সভাপতি এ বিষয়ে অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। |

০৪। **আলোচ্যসূচি (খ):** ২০২২-২০২৩ অর্থ-বছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীত কাঁযক্রমরে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা:

সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ নির্ধারণ করা হয় ৯৩২.১৮ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৬টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪০০.০৯ কোটি টাকা (জিওবি-৩৭৮.৯৬ কোটি এবং প্রকল্প সাহায্য-২১.১৩ কোটি), তিনটি উন্নয়ন সহায়তার অনুকূলে মোট বরাদ্দ ৪৬০.০০ কোটি টাকা এবং অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ বাবদ ৭২.০৯ কোটি টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরের ৩১ ডিসেম্বর ২০২২ মাস পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি ১৮.৯৬% এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে এ অগ্রগতি ছিল ২৫.৮১%। তিনি আরো জানান যে, মন্ত্রণালয়ের ১৬টি এডিপিভুক্ত প্রকল্প (৪টি এ ক্যাটাগরি ও ১২টি বি ক্যাটাগরি) ও ৩টি উন্নয়ন সহায়তা (বি ক্যাটাগরি) ও ১টি অনুমোদিত প্রকল্পের থোক বরাদ্দের মূল বরাদ্দের উপর ব্যয়ের শতকরা হার নির্ধারিত হওয়ায় অগ্রগতি কম। বাস্তবিক পক্ষে অর্থ বিভাগ হতে প্রকল্প সমূহের ক্যাটাগরি ভাগ থাকায় অর্থ ছাড় ও ব্যয় এর ক্ষেত্রে ২৫% অর্থ কম ছাড় ও ব্যয় করা হচ্ছে। ডিসেম্বর, ২০২২ পর্যন্ত জাতীয় অগ্রগতি পরিকল্পনা কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়নি। তবে নভেম্বর, ২০২২ পর্যন্ত ১৮.৪১% জাতীয় অগ্রগতি দেখানো হয়েছে। মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেন যে, কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। সভায় প্রকল্প ভিত্তিক অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয় এবং প্রকল্প পরিচালকগণ প্রকল্পের অগ্রগতি ও বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন।

৫। <u>বিবিধ :</u>

ক) 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ' শীর্ষক প্রকল্প কার্যক্রম বিষয়ে আঞ্চলিক পরিষদ প্রতিনিধি জানান যে, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জন্য তার বাসভবন প্রাঙ্গনে ছোট একটি সভাকক্ষ করার অভিপ্রায় ব্যক্ত করেছেন। এছাড়াও ডিপিপিতে কিছু অঙ্গ সংযুক্ত করা প্রয়োজন। সভাপতি বলেন ডিপিপি সংশোধন প্রয়োজন হলে যথাযথভাবে প্রক্রিয়া অনুসরণ করে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রকল্পের কার্যক্রম এর গতি বৃদ্ধির লক্ষ্যে প্রকল্প পরিচালক সংশ্লিষ্টদের নিয়ে আগামী সভার পূর্বেই একটি সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ) সভাপতি বলেন যে, ঢাকার বেইলী রোডে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র এর ৩টি প্রদর্শনী কেন্দ্র রয়েছে । এছাড়াও কমপ্লেক্স চত্বরের ভিতরে আরো স্যুভেনিরশপ রয়েছে। যেখানে পার্বত্য অঞ্চলের বিভিন্ন উৎপাদিত পণ্য/হস্তশিল্প সারাবছর বিক্রয় ও প্রদর্শনীর জন্য নির্ধারণ করা প্রয়োজন। এক্ষেত্রে তিন পার্বত্য জেলা পরিষদকে মূল ৩টি প্রদর্শনী কেন্দ্র এবং কমপ্লেক্স চত্বরের স্যুভেনিরশপগুলি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে এবং রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ প্রত্যেককে বন্টন করা যেতে পারে। এক্ষেত্রে পার্বত্য জেলা পরিষদসমূহ নিজেরা আলোচনা করে কী ধরনের পণ্যসামগ্রী প্রদর্শনী করা হবে তা ঠিক করে পরবর্তী সভায় প্রেজেন্টেশন করবেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৬.১ | <u>সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণ সংক্রান্ত :</u><br>সংস্থা হতে যে কোন ধরণের প্রস্তাবনা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি |
| ৬.২ | <u>রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত:</u><br>রাস্তার কোড নির্ধারণ বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৬.২ | <u>তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ছোট আকারের ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে পাইলট ভিত্তিতে একটি প্রকল্প/স্কিম গ্রহণের লক্ষ্যে সম্ভব্যতা যাচাইপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৬.৩ | <u>"পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :</u><br>ক)গত ০৭/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সুপারিশ ডিপিপিতে যথাযথভাবে প্রতিফলন করতে হবে।<br>খ) UNICEF এর নিকট হতে অর্থায়নের বিষয়ে লিখিত সম্মতি গ্রহণ পূর্বক 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)'শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি আগামী ৩০ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।<br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি। |
| ৬.৪ | <u>এডিপিভুক্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত :</u><br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর আগামী ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| ৬.৫ | <u>ভিডিও ডকুমেন্টারি তৈরি:</u><br>আগামী ৩০ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে সকল সংস্থা তাদের প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি (মন্ত্রণালয়ের অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম নিয়ে একটি এবং অন্যান্য বিভাগ ও সংস্থা কর্তৃক জেলা পরিষদ এর মাধ্যমে বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম নিয়ে একটি) মন্ত্রণালয়ে দাখিল করবে। সকল সংস্থার নিকট হতে ভিডিও ডকুমেন্টারি প্রাপ্তির পর তা দেখার জন্য একটি সভা আহ্বান করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি |
| ৬.৬ | <u>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল গাছ রোপন করা হয়েছিল সেগুলি বর্তমানে কী অবস্থায় আছে তিন পার্বত্য জেলার জন্য আলাদা কমিটি গঠনপূর্বক তার একটি প্রতিবেদন আগামী ৩০ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি |
| ৬.৭ | <u>'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ' শীর্ষক প্রকল্প কার্যক্রম সংক্রান্ত :</u><br>'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ' শীর্ষক প্রকল্প কার্যক্রম এর গতি বৃদ্ধির লক্ষ্যে প্রকল্প পরিচালক সংশ্লিষ্টদের নিয়ে আগামী সভার পূর্বেই একটি সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান এর অভিপ্রায় অনুযায়ী ছোট সভাকক্ষ স্থাপনের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। ডিপিপি সংশোধন প্রয়োজন হলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

অ:পৃ:দ্র:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৬.৮ | বিবিধ :<br>ক) চলতি ২০২২-২০২৩ অর্থবছরে সমাপ্তযোগ্য ৪টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পের ক্যাটাগরি 'বি' হতে 'এ' করার জন্য অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্রে প্রতিষ্ঠিত প্রদর্শনীকেন্দ্র এবং অন্যান্য স্যুভেনির শপগুলো কিভাবে পরিচালনা করা যায় এ বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর নিকট হতে প্রস্তাব আহবান করা হবে। আগামী সভায় প্রদর্শনীকেন্দ্র ও স্যুভেনির শপগুলোতে কি ধরণের পণ্যসামগ্রী প্রদর্শন করা হবে সে বিষয়ে একটি প্রেজেন্টেশন করতে হবে। | ক) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়<br>খ) উপসচিব (প্রশাসন-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |

৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০১/২০২৩
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব

নম্বর- ২৯.০০.০০০০.২২৫.০৬.০০৭.২৩- ৩৪

তারিখ ঃ ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: পরিচালক-১২)
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-১৮)
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৭. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৮. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৯. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
১০. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান
১২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও জাতীয় প্রকল্প পরিচালক, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৪. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি /খাগড়াছড়ি/বান্দরবান
১৭. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ(বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প ও যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
১৮. প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি
১৯. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২০. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত) ' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২১. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

অ:পৃ:দ্র:

২২. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

২৩. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. উপসচিব (প্রশাসন-১/পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৬. প্রকল্প পরিচালক, 'Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি

২৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৮. নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

২৯. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা

৩০. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলার পল্লী অবকাঠামো নির্মান' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩১. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩২. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাই খালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩৩. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩৪. প্রকল্প পরিচালক 'খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি

৩৫. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি

৩৬. প্রকল্প পরিচালক, 'রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি

৩৭. ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প, আইডিবি ভবন আগারগাঁও, ঢাকা-১২০৭

৩৮. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/০২/২০২৩

(মুন্না রাণী বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫৭১১৮
ই-মেইল : dsdev@mochta.gov.bd

অ:পৃ:দ্র: